"কৃষিই সমৃদ্ধি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঠাকুরগাঁও
www.dae.thakurgaon.gov.bd

স্মারক নম্বর: ১২.১৭.৯৪০০.০৪১.৪০.১৭৬.২৫. ২২৭৯

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩২ / ৩০ নভেম্বর ২০২৫

বিষয়: সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫ এর বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখার স্মারক নম্বর ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৮ তারিখ: ১৩ নভেম্বর ২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, গত ১৬ নভেম্বর ২০২৫ খ্রি. হতে সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫ কার্যকর হয়েছে। উক্ত নীতিমালা বাস্তবায়নের জন্য ইতোমধ্যে উপজেলা পর্যায়ে ডিলার ইউনিট নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত ডিলার ইউনিটে বর্তমানে বিদ্যমান সার ডিলারদের (বিসিআইসি ও বিএডিসি) সমন্বয় সাধনের জন্য নীতিমালার অনুচ্ছেদ ৩, ৪ এবং ৫.৩ অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করা আবশ্যক। সে আলোকে বিদ্যমান সকল সার (বিসিআইসি ও বিএডিসি) ডিলারকে নিম্নবর্ণিত প্রমাণাদিসহ তাঁর প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়কপত্রসহ (ঈড়াবৎ খবঃঃবৎ) ব্যবসা করতে ইচ্ছুক মর্মে নির্ধারিত ছকে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আবেদনপত্র সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসারের নিকট দাখিল করার জন্য বলা হলো। আবেদনপত্র দাখিলের সর্বশেষ সময় ০৭ ডিসেম্বর ২০২৫ বিকাল ০৩:০০ টা। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না (উল্লেখ্য যে, দাখিলকৃত চুক্তিনামার স্বাক্ষরের সাথে আবেদনকারীর স্বাক্ষর মিল থাকতে হবে)।

১। ডিলার নিয়োগের চুক্তিনামা (বিসিআইসি/বিএডিসি), জামানতের অর্থ জমাদানের পে অর্ডার/ডিমান্ড ড্রাফট/ চালানের মূলকপি ও লাইসেন্সের মূলকপি (প্রযোজ্য ক্ষেত্রে মালিকানা পরিবর্তনের প্রমাণপত্র ও চুক্তিনামা);
২। আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত পরিবারে একের অধিক সারের লাইসেন্স (বিসিআইসি/বিএডিসি) থাকলে তার বিবরণ;
৩। সরকারি চাকরিজীবী/জনপ্রতিনিধি হলে স্বীয় পদ হতে পদত্যাগের প্রমাণ পত্র;
৪। জাতীয় পরিচয়পত্র (NID) ও জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ছায়ালিপি;
৫। উত্তরাধিকার আইন অনুযায়ী পরিবারের উত্তরাধিকার সনদ (স্বামী/স্ত্রী, পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা, নির্ভরশীল ভাই ও বোন);
৬। বিক্রয়কেন্দ্র ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ভাড়ার চুক্তিনামার সত্যায়িত ছায়ালিপি (বিক্রয়কেন্দ্র ও গুদাম আলাদা হলে দুরত্ব উল্লেখ করতে হবে);
৭। হালনাগাদ টিআইএন (TIN) সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ণ দাখিলের সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি;
৮। হালনাগাদ ট্রেড লাইসেন্স ও ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদের সত্যায়িত ছায়ালিপি;
৯। যে কোন ডিলার ইউনিটে ব্যবসা করতে ইচ্ছুক মর্মে অঙ্গীকারনামা।
(আবেদনপত্রের নির্ধারিত ছক উপপরিচালকের কার্যালয়, সকল উপজেলা কৃষি অফিস ও বর্ণিত দপ্তরসমূহের ওয়েবসাইটে পাওয়া যাবে)

৩০/১১/২৫

মোঃ মাজেদুল ইসলাম
উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, ঠাকুরগাঁও

৩০/১১/২৫

ইশরাত ফারজানা
জেলা প্রশাসক
ও
সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, ঠাকুরগাঁও

**প্রাপক:**

জনাব-----------------------------------------------------

মেসার্স ------------------------------------------, বিসিআইসি/বিএডিসি সার ডিলার

ঠিকানা: ----------------------সদর/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/রাণীশংকৈল/হরিপুর

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঠাকুরগাঁও।
৩। উপজেলা কৃষি অফিসার (সকল), ঠাকুরগাঁও (প্রত্যেক আবেদনকারীর আলাদা আলাদা নথি প্রস্তত করে অত্র দপ্তরের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট **০৭ ডিসেম্বর ২০২৫ বিকাল ০৩.০০ টায়** হস্তান্তর করতে হবে )।
৪। সভাপতি/ সাধারণ সম্পাদক, বিএফএ, ঠাকুরগাঁও।
৫। সভাপতি/ সাধারণ সম্পাদক, বিএডিসি সার ডিলার এ্যাসোসিয়েশন, ঠাকুরগাঁও।
৬। দপ্তর নথি (পত্রখানা দাপ্তরিক ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো)